বিশ্বজোড়া ফাঁদ পেতেছ, কেমনে দিই ফাঁকি !
আধেক ধরা পড়েছি গো, আধেক আছে বাকি ॥
কেন জানি আপনা ভুলে বারেক হৃদয় যায় যে খুলে,
বারেক তারে ঢাকি।
আধেক ধরা পড়েছি যে, আধেক আছে বাকি ॥
বাহির আমার শুক্তি যেন কঠিন আবরণ—
অন্তরে মোর তোমার লাগি একটি কান্না-ধন ।
হৃদয় বলে তোমার দিকে রইবে চেয়ে অনিমিখে,
চায় না কেন আঁখি ?
আধেক ধরা পড়েছি যে, আধেক আছে বাকি ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Style: Bhairavi-Baul
Visit www.geetabitan.com for notation and other detail